



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

তারিখঃ ০৮ ফাল্গুন ১৪২৬  
২১ ফেব্রুয়ারি ২০২০

## নানা আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ভাষা শহীদদের স্মরণ

যথাযথ ভাব-গাম্ভীর্যের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় উদ্‌যাপন করেছে অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০। দিবসটি উপলক্ষে সকাল ৯ টায় জাতির সূর্যসন্তান ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে মাননীয় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে শোক র্যালি সহকারে বিশ্ববিদ্যালয় পরিবার ববির কেন্দ্রীয় শহীদ মিনারে এসে সমবেত হয়। এরপর শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট, চেয়ারম্যানবৃন্দ, পরিচালক, দপ্তর প্রধানগণ সহ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ হতে উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, ২৪টি বিভাগ, ৩টি হল, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ ববি শাখা, কর্মকর্তা কর্মচারী ঐক্য পরিষদ, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ, উত্তরাধিকার, ডিবেটিং সোসাইটি, কীর্তনখোলা চলচ্চিত্র সংসদ, ৭১'র চেতনা, ফটোগ্রাফিক সোসাইটি, আইটি সোসাইটি, বাঁধন, কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটি, নাট্যদল, বিএনসিসি, সহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। অমর একুশের তাৎপর্য তুলে ধরে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে সকাল ১০.৩০ টায় কীর্তনখোলা অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ববি শিক্ষক সমিতির সভাপতি ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আরিফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। আলোচনা সভায় বিশিষ্ট ভাষা সৈনিক ও বীর মুক্তিযোদ্ধা মোঃ ইউসুফ (কালু) সহ সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, প্রক্টর, প্রভোস্ট, পরিচালক, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, শিক্ষার্থী এবং কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক পদার্থ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক ড. মোঃ খোরশেদ আলম। সভায় বজুরা মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রেক্ষাপট ও তাৎপর্য তুলে ধরেন। এছাড়াও শিক্ষক সমিতি কর্তৃক আয়োজিত এ আলোচনা সভায় বিশিষ্ট ভাষা সৈনিক ও বীর মুক্তিযোদ্ধা মোঃ ইউসুফ (কালু) কে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস